

QP Code : 19UA63EBG6

স্নাতক পাঠক্রম
অনুশীলন পত্র
ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯
ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

ষষ্ঠ পত্র

Natak O Moncho Ebong Sahityer
Rupabhed : EBG-6

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৩০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর
কেটে নেওয়া হবে। উপাস্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ২ = ৪০

- (ক) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকে কেবলমাত্র নাটকীয়
খণ্ডচিত্রের সমাহার লক্ষ করা যায় — একটি কেন্দ্রীয়
নাট্যদ্বন্দ্ব এক্ষেত্রে অনুপস্থিত। নাটকটির এহেন বিচার
আপনি কি মেনে নেবেন ? যুক্তিসহ লিখুন।
- (খ) 'নবান্ন' নাটকে সংলাপ রচনায় বিজন ভট্টাচার্যের কৃতিত্ব
বিচার করুন।
- (গ) 'রথের রশি' নাটকের নামকরণের তাৎপর্য বুঝিয়ে
দিন।

B.A.-AU-13063

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

QP Code : 19UA63EBG6 2

(ঘ) বাংলার নাটকের গোড়ার পর্বে জোড়াসাঁকো,
পাথুরেঘাটা এবং শোভাবাজার নাট্যশালার ভূমিকা কী
ছিল, সংক্ষেপে আলোচনা করুন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

- (ক) উনিশ শতকের বাংলায় ঐতিহাসিক উপন্যাসের
ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দিন।
- (খ) ছোটোগল্পের মুখ্য বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা
করুন।
- (গ) 'লঘু' ও 'গুরু' প্রবন্ধের পার্থক্য কী ? কয়েকটি
উদাহরণসহ বুঝিয়ে দিন।
- (ঘ) অ্যারিস্টটলের ভাবনা অনুযায়ী ট্রাজেডির সংজ্ঞা কী ?
ট্রাজেডির ছয়টি 'অঙ্গের' সংক্ষিপ্ত পরিচয় দিন।
- (ঙ) বিশ শতকের বাংলা নাটকে উৎপল দত্ত এবং
অজিতেশ বন্দ্যোপাধ্যায়ের অবদান কী — সংক্ষেপে
লিখুন।
- (চ) “ 'নবান্ন' নাটকের গুরুতর ত্রুটিগুলি অভিনয়ের গুণে
অধিকাংশ ঢাকা পড়েছে। ” — লিখেছিলেন হিরণকুমার
সান্যাল। এই নাটকের 'ত্রুটিগুলি' সম্পর্কে আপনার
অভিমত জানান।

B.A.-AU-13063

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে):

$$৬ \times ৪ = ২৪$$

(ক) ‘নীলদর্পণ’ নাটকের তোরাপ চরিত্রটির সার্থকতা বিচার করুন।

(খ) “বাধা পেলে শক্তি নিজেকে চিনতে পারে —
চিনতে পারলেই আর ঠেকানো যায় না।”
— কোন্ নাটকের অংশ ? বক্তা কে ? মন্তব্যটির
তাৎপর্য বুঝিয়ে দিন। ১ + ১ + ৪

(গ) “তাই ভালো। ভুলে যাও ব্যথার কথা ! ভুলে যাও
তুমি তোমার ব্যথার কথা।” — কোন্ নাটকের অন্তর্গত,
কার সংলাপ এটি ? কোন্ ব্যথার কথা এখানে
উল্লিখিত ? উক্তিটির নাটকীয় তাৎপর্য কী, বুঝিয়ে
দিন। ১ + ১ + ৪

(ঘ) ‘রথের রশি’ নাটকে পথের গুরুত্ব কী, সংক্ষেপে
আলোচনা করুন।

(ঙ) ‘ভাবকেন্দ্রিক’ গীতিকবিতার সংক্ষিপ্ত পরিচয় দিন।

(চ) বিশ্বনাথ কবিরাজের অনুসরণে ভারতীয় মহাকাব্যের
লক্ষণগুলি নির্দেশ করুন।

(ছ) কমেডি ও প্রহসনের পার্থক্য কোথায়, দু-একটি
উদাহরণসহ বুঝিয়ে দিন।

(জ) কাব্যধর্মী উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দিন। প্রসঙ্গত
কাব্যোপন্যাসের সঙ্গে এর তফাত কোথায় লিখুন।

৩ + ৩

-
1. Date of Publication : 15/11/2018
 2. Last date of submission of answer script by the student to the study centre on or before : 30/12/2018
 3. Last date of submission of marks by the examiner to the study centre on or before : 10/02/2019
 4. Date of evaluated answer script distribution by the study centre to the student on or before : 17/02/2019
 5. Last date of submission of marks by the study centre to the Department of C.O.E. on or before : 27/02/2019